গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০০.০০৩.৭৫.০০০২.২০.৩৭

**বিষয়: স্নাতক (পাস ও অনার্স)/সমমান শ্রেণিতে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে সকল সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়/কলেজ/মাদ্রাসা ও সমমান পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত/অধ্যয়নরত ১ম বর্ষের অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে স্নাতক ও সমমান পর্যায়ের ভর্তি সহায়তার অনলাইন আবেদন দাখিল সংক্রান্ত বিজ্ঞপ্তি।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্নাতক (পাস ও অনার্স)/সমমান শ্রেণিতে ২০২৪-২৫ শিক্ষাবর্ষেসকল সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়/কলেজ/মাদ্রাসা/সমমান পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত/অধ্যয়নরত ১ম বর্ষের অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক ২০২৫-২৬ অর্থবছরে স্নাতক ও সমমান পর্যায়ের ভর্তি সহায়তা প্রদান করা হবে।

২। অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২০ অনুসারে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের স্নাতক (পাস ও অনার্স)/সমমান পর্যায়ের ভর্তিকৃত/অধ্যয়নরত ১ম বর্ষের শিক্ষার্থীকে ভর্তি সহায়তা প্রাপ্তির জন্য https://www.eservice.pmeat.gov.bd/admission লিংক -এ প্রবেশ করে অনলাইনে আবেদন করতে হবে।

৩। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ওয়েবসাইটে (www.pmeat.gov.bd) ভর্তি সহায়তা সেবা বক্সে আপলোডকৃত নির্ধারিত প্রত্যয়ন ফর্ম ডাউনলোড ও প্রিন্ট করে শিক্ষার্থী যে শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগে ভর্তিকৃত সেই শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধানের নিকট থেকে সুপারিশ গ্রহণপূর্বক অনলাইনে আবেদনের সময়ে আপলোড করতে হবে। এক্ষেত্রে, শিক্ষার্থী অনলাইনে আবেদনের সময়ে শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করুন অপশনে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান খুজে না পেলে শিক্ষা প্রতিষ্ঠানটি ট্রাস্টের 'ই-ভর্তি সহায়তা ব্যবস্থাপনা পদ্ধতি' সফটওয়্যারে অন্তর্ভুক্তির লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধানকে শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে EIIN ও অন্যান্য তথ্য উল্লেখপূর্বক ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, বাড়ি নং ৪৪, সড়ক নং ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯ বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

৪। প্রজাতন্ত্রের বেসামরিক কর্মে নিয়োজিত সকল সরকারি-আধাসরকারি-স্বায়ত্তশাসিত দপ্তর ও সাংবিধানিক প্রতিষ্ঠানে কর্মরত 'জাতীয় বেতন স্কেল, ২০১৫' অনুযায়ী ১৩ থেকে ২০তম গ্রেডের কর্মচারীর সন্তানগণকে আবেদনপত্রের সাথে অফিস প্রধান কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/অভিভাবকের বেতনের গ্রেড সংক্রান্ত প্রত্যয়ন সংযুক্তি হিসেবে আপলোড করতে হবে। এছাড়া, অন্যান্য শিক্ষার্থীর ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধান অথবা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা ও সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত শিক্ষার্থীর পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয় দুই লক্ষ টাকার কম মর্মে প্রত্যয়নপত্র আপলোড করতে হবে।

৫। প্রতিবন্ধী শিক্ষার্থী/অভিভাবক, এতিম শিক্ষার্থী, ভূমিহীন পরিবারের সন্তান, নদী ভাঙ্গন পরিবারের সন্তান, অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা পরিবারের সন্তান, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ এবং দুস্থ পরিবারের সন্তান ভর্তি সহায়তা প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার প্রাপ্তি'র স্বপক্ষে প্রমাণপত্র আবশ্যিকভাবে আপলোড করতে হবে।

৬। স্নাতক (পাস ও অনার্স)/সমমান শ্রেণিতে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ভর্তিকৃত/অধ্যয়নরত ১ম বর্ষের অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তার অনলাইন আবেদনের সাথে সর্বশেষ যে শ্রেণি বা পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তার সত্যায়িত নম্বরপত্রের স্পষ্ট কপি আবশ্যিকভাবে আপলোড করতে হবে।

৭। উল্লেখ্য যে, ভর্তি সহায়তা প্রদানের নিমিত্ত শিক্ষার্থী কর্তৃক সফটওয়্যারে একাউন্ট নম্বর হিসাবে এন্ট্রির ক্ষেত্রে অবশ্যই শিক্ষার্থী/পিতা/মাতা'র নিজ ব্যাংক একাউন্টের পূর্ণাঙ্গ নম্বর অথবা মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসের যে কোনো একাউন্ট নম্বর এন্ট্রি করা যাবে। ব্যাংক একাউন্টের প্রমাণক হিসেবে চেকের ভিতরের পাতা/ব্যাংক স্টেটমেন্টের তথ্য এবং মোবাইল একাউন্ট নম্বরের ক্ষেত্রে একাউন্ট নম্বর এর KYC আপডেট বা একাউন্ট নম্বর

সচল রয়েছে মর্মে তথ্যের স্পষ্ট হার্ড কপি আবশ্যিকভাবে অনলাইনে আপলোড করতে হবে। শিক্ষার্থী বা পিতা/মাতা'র একাউন্ট নম্বর ব্যতীত অন্য কারো ব্যাংক/মোবাইল একাউন্ট নম্বর গ্রহণযোগ্য হবে না, তবে পিতা ও মাতা উভয়ের মৃত্যু/অবর্তমানে আইনগত অভিভাবকের একাউন্ট নম্বর এক্ষেত্রে বিবেচনায় নেয়া হবে। কার্যক্রমটি সম্পূর্ণ অনলাইনভিত্তিক হওয়ায় আবেদনের কোনো হার্ড কপি প্রেরণের প্রয়োজন নেই।

৮। বর্ণিতাবস্থায়, স্নাতক (পাস ও অনার্স)/সমমান শ্রেণিতে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ভর্তিকৃত/অধ্যয়নরত ১ম বর্ষের অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে স্নাতক পর্যায়ের ভর্তি সহায়তার আবেদন প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করে **০৭ ডিসেম্বর ২০২৫ খ্রি. থেকে ৩০ ডিসেম্বর ২০২৫ খ্রি. তারিখ** রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত উক্ত লিংক/ই-ভর্তি সহায়তা ব্যবস্থাপনা পদ্ধতি'র মাধ্যমে অনলাইনে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

**সংযুক্তি:**

ক. দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২০; এবং

খ. ই-ভর্তি সহায়তা সিস্টেম ব্যবহার নির্দেশিকা।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) দরিদ্র ও মেধাবীর শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২০

(২) ই-ভর্তি সহায়তা সিস্টেম ব্যবহার নির্দেশিকা

০৩-১২-২০২৫
মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ
সহকারী পরিচালক
০২-৫৫০০০৪২৮
ad.stipend@pmeat.gov.bd

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) (আওতাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহে পত্রটি প্রেরণের অনুরোধসহ)।

**স্মারক নম্বর:** ৩৭.২৪.০০০০.০০০.০০৩.৭৫.০০০২.২০.৩৭/১ (১৮)

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

২। সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

৩। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।

৪। মহাপরিচালক ( অতিরিক্ত সচিব), মহাপরিচালক এর দপ্তর , মাদরাসা শিক্ষা অধিদপ্তর।

৫। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর।

৬। সকল জেলা প্রশাসক।

৭। সকল কর্মকর্তা, পিএমইএটি/এইচএসপি, ধানমন্ডি, ঢাকা।

৮। পরিচালক (আইসিটি), জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৯। অধ্যক্ষ, সংশ্লিষ্ট সকল সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান।

১০। জেলা, শিক্ষা অফিসার (সকল)।

১১। সকল উপজেলা নির্বাহী অফিসার।

১২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৩। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।